

২০২১

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-1

(বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) সংক্ষেপে বাঙালি জাতির নৃতাত্ত্বিক পরিচয় দাও। ১০
অথবা,
(খ) প্রাচীন বঙ্গদেশে বৌদ্ধধর্মের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০
- ২। (ক) সমাজ সংস্কারক হিসেবে রাজা রামমোহন রায়ের কৃতিত্বের পরিচয় দাও। ১০
অথবা,
(খ) ঊনবিংশ শতকে বঙ্গদেশে মুক্তচিন্তার বিকাশে ডিরোজিও-র প্রভাব সম্পর্কে আলোচনা করো। ১০
- ৩। (ক) বাহাদুর-র ভাষা আন্দোলনের প্রেক্ষাপট বর্ণনা করে এই আন্দোলনের গুরুত্ব ও ফলাফল সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা,
(খ) স্বাধীনতা-পূর্ববর্তী ভারতবর্ষে বাঙালি মুসলমানের স্বতন্ত্র জাতিসত্তা বিকশিত হওয়ার কারণগুলি সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৪। (ক) প্রাচীন বাংলার ভৌগোলিক বৈশিষ্ট্যের পরিচয় দাও। ৫
অথবা,
(খ) সাহিত্য ও সংস্কৃতির পৃষ্ঠপোষকরূপে হুসেন শাহের ভূমিকা ব্যাখ্যা করো। ৫
- ৫। (ক) বাংলার ইতিহাসে 'তত্ত্ববোধিনী সভা'-র গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ৫
অথবা,
(খ) 'স্কুল বুক সোসাইটি' কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হয়? এই সোসাইটি প্রতিষ্ঠার উদ্দেশ্য সম্পর্কে আলোকপাত করো। ৫
- ৬। (ক) ১৯৫৯ সালের খাদ্য আন্দোলনের কারণগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫
অথবা,
(খ) 'দলিত' বলতে কাদের বোঝানো হয়ে থাকে? দলিতদের অধিকার প্রতিষ্ঠায় সরকারি উদ্যোগ কতটা কার্যকর হতে পারে? ৫

Please Turn Over

৭। যে-কোনো একটি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো।

৫×১

প্রাচীন বাংলার অর্থনীতি, ব্রাহ্মসমাজ, নকশাল আন্দোলন।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো।

১×১৫

(ক) 'বাঙ্গালীর ইতিহাস' গ্রন্থটির লেখক কে?

(খ) 'বিক্রমশীলা মহাবিহার' কে প্রতিষ্ঠা করেন?

(গ) বাংলায় কৌলীন্য প্রথার প্রবর্তক কে?

(ঘ) কাকে পরাজিত করে বখতিয়ার খিলজি বাংলায় মুসলিম শাসনের সূচনা করেন?

(ঙ) গুণরাজ খাঁ কার উপাধি?

(চ) বিদ্যাসাগর লিখিত বিধবা বিবাহ বিষয়ক একটি রচনার নাম লেখো।

(ছ) 'বিদ্যোৎসাহিনী সভা' কে প্রতিষ্ঠা করেন?

(জ) 'হিন্দু প্যাট্রিয়ট' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

(ঝ) কলিকাতা বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?

(ঞ) 'তত্ত্ববোধিনী পাঠশালা' কার তত্ত্বাবধানে প্রতিষ্ঠিত হয়?

(ট) গুরুচাঁদ ঠাকুর কী জন্য বিখ্যাত?

(ঠ) 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটির রচয়িতা কে?

(ড) 'সেই সময়' উপন্যাসের লেখক কে?

(ঢ) বরাক উপত্যকার শিলচরে ভাষা আন্দোলন কবে হয়েছিল?

(ণ) বঙ্গভঙ্গ আন্দোলনের সময় রবীন্দ্রনাথের লেখা একটি গানের প্রথম পঙ্ক্তিটি উল্লেখ করো।